

তারিখঃ ৩০ নভেম্বর ২০০২
পৃষ্ঠা ৭.৪ কলাম ৩

কমিটি গঠন নিয়ে গাজীপুর

ছাত্রদলে অসন্তোষ সংঘর্ষের আশঙ্কা

গাজীপুর, ২৯ নবেম্বর, নিজস্ব সংবাদদাতা ॥
নিয়মবহির্ভূত তালিকাভুক্ত সদস্য ও অধ্যক্ষদের দিয়ে
ছাত্রদলের গাজীপুর জেলা কমিটি গঠন ও দু' ছাত্র
নেতাকে বহিষ্কারের ঘটনায় ছাত্রদলের নেতাকর্মীদের
মাঝে তীব্র অসন্তোষ দেখা দিয়েছে। কাউন্সিলরদের
আপত্তির মুখেও নিয়মিত ও ত্যাগী ছাত্র নেতাদের
প্রার্থিতা পদ বাতিল করে সংগঠনবিমোহী কর্মকাণ্ডের

সঙ্গে জড়িত নামধারী ছাত্র নেতাদের দিয়ে কমিটি গঠন
করায় এ অসন্তোষ দেখা দিয়েছে বলে বিক্ষুব্ধ ছাত্র
নেতারা জানান। যে কোন মুহূর্তে দু'পক্ষের মধ্যে
সংঘর্ষের আশঙ্কা রয়েছে।
গাজীপুর সদর উপজেলায় বাংলাদেশ কৃষি গবেষণা
ইনস্টিটিউটের বদরুদ্দোজা মিলনায়তনে মঙ্গলবার
গাজীপুর জেলা ছাত্রদলের সম্মেলন অনুষ্ঠিত হয়।
সাধারণত হোসেন সবুজের সভাপতিত্বে প্রায় পাঁচ
বছর পর অধিবেশন শুরু হয়। সম্মেলন অনুষ্ঠানে
অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন নৌপরিবহনমন্ত্রী কর্নেল
(অব) আকবর, ছাত্রদলের কেন্দ্রীয় আকরায়ক
সাহাবুদ্দিন লাস্টু, সদস্য সেলিমুজ্জামান সেলিম, শহীদ
ইসলাম হাবুল প্রমুখ। সম্মেলন অনুষ্ঠানে ফজলুল হক
মিলন এমপি ছাড়া জেলার গুরুত্বপূর্ণ কোন নেতা
উপস্থিত ছিলেন না।